

**2023/TDC(CBCS)/EVEN/SEM/  
BNGDSC/GE-401T/173**

**TDC (CBCS) Even Semester Exam., 2023**

**BENGALI**

**( 4th Semester )**

Course No. : BNGDSC/GE-401T

( বিশ শতকের বাংলা সাহিত্য—১ )

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

**SECTION—A**

অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো কুড়িটি) :

১×২০=২০

- ১। নজরুলের জন্মস্থান কোথায়?
- ২। 'সঞ্চিতা' কাব্যগ্রন্থ কত সালে প্রকাশিত হয়েছে?
- ৩। "হাসল শিশির দুব ঘাসে"  
'দুব ঘাসে'র অর্থ কী?
- ৪। ব্রজের গোপাল কে?
- ৫। 'কন্দর' শব্দের অর্থ কী?
- ৬। কুবেরের পিতার নাম কী?

- ৭। কোন্ গ্রামে কপিলার বিয়ে হয়েছিল ?
- ৮। কুবেরের মেয়ের নাম কী ?
- ৯। হোসেন মিঞার বাড়ি কোথায় ছিল ?
- ১০। কপিলার স্বামীর নাম কী ?
- ১১। 'সাজাহান' নাটকটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয় ?
- ১২। সাজাহানের কনিষ্ঠ পুত্রের নাম কী ?
- ১৩। নাদিরা কার স্ত্রী ?
- ১৪। জয়সিংহ সুজাকে কার পত্র দিয়েছিল ?
- ১৫। 'সাজাহান' নাটকের প্রথম দৃশ্যে কোন্ স্থানের উল্লেখ আছে ?
- ১৬। গফুর জেলার বাড়ি কোথায় ছিল ?
- ১৭। 'পুঁইমাচা' গল্পের সূচনায় কোন্ খাতুর উল্লেখ আছে ?
- ১৮। তারিণী মাঝি কোন্ ঘাটের খেয়ামাঝি ?
- ১৯। 'ফসিল' গল্পে রাজার অত্যাচারে কোন্ উপজাতি অঞ্জনগড় ছেড়ে চলে গিয়েছিল ?
- ২০। 'মহেশ' গল্পে তর্করত্ন কে ?
- ২১। মধুসূদন দত্ত কোন্ কলেজের ছাত্র ছিলেন ?
- ২২। 'ক্যাপটিভ লেডি' গ্রন্থটির রচয়িতা কে ?
- ২৩। 'শ্রী মধুসূদন' নাটকটি কে রচনা করেছেন ?
- ২৪। জাহ্নবী দেবী কে ছিলেন ?
- ২৫। মধুসূদন দত্তের বন্ধু গৌরদাস বসাকের পিতার নাম কী ছিল ?

## SECTION—B

কিছু উত্তর দাও (যে কোনো পাঁচটি) :

২×৫=১০

- ১। নজরুলকে কোন্ বিশেষ অভিধায় আখ্যায়িত করা হয়?  
'সখিতা' কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে?
- ২। 'মানুষ' কবিতায় মুসাফিরের বয়স কত? মুসাফির কতদিন ধরে উপোস ছিল?
- ৩। 'পদ্মানদীর মাঝি' উপন্যাস ছাড়া মানিক বন্দ্যোপাধ্যায়ের যে কোনো দুটি উপন্যাসের নাম লেখো।
- ৪। কুবের ছাড়া কেতুপুর গ্রামের দুজন মাঝির নাম লেখো।
- ৫। সম্রাট সাজাহানের যে কোনো দুজন পুত্রের নাম লেখো।
- ৬। ঔরঙ্গজেবের ছেলের নাম কী? তাকে কোথায় বন্দী করে রাখা হয়েছিল?
- ৭। সহায়হরির বড়ো ও ছোটো মেয়ের নাম কী?
- ৮। অঞ্জনগড়ে কী কী শস্য ফলত?
- ৯। বনফুল কোন্ লেখকের ছদ্মনাম? মধুসূদন দত্ত ছাড়া তিনি আর কাকে নিয়ে নাটক রচনা করেছেন?
- ১০। মধুসূদন দত্ত কত খ্রিষ্টাব্দে কোথায় জন্মগ্রহণ করেন?

## SECTION—C

কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

- ৬। “গাহি সাম্যের গান—  
যেখানে আসিয়া এক হ'য়ে গেছে সব বাধা-ব্যবধান।”  
'সাম্যবাদী' কবিতার আলোকে উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

- ৩৭। 'জীবনবন্দনা' কবিতায় নজরুল ইসলাম জীবনের জয়গান করেছেন—আলোচনা করো।
- ৩৮। 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।
- ৩৯। “ 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের সবচেয়ে নাটকীয়, শক্তিশালী ও রহস্যময় চরিত্র হোসেন মিশ্র। ” আলোচনা করো।
- ৪০। 'সাজাহান' নাটকটি ট্রাজেডি নাটক হিসেবে সার্থক পর্যালোচনা করো।
- ৪১। 'সাজাহান' নাটকে জাহানারা চরিত্রে যে বলিষ্ঠ ব্যক্তিত্বের পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।
- ৪২। 'তারিণী মাঝি' গল্প অবলম্বনে তারিণী মাঝি চরিত্রটি বিশ্লেষণ করো।
- ৪৩। 'ফসিল' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।
- ৪৪। 'শ্রী মধুসূদন' নাটক অবলম্বনে মধুসূদন দত্তের চারিত্রিক বৈশিষ্ট্য আলোচনা করো।
- ৪৫। 'শ্রী মধুসূদন' নাটক অবলম্বনে মধুসূদনের পিতার গুরুত্ব ফুটিয়ে তোলো।

\*\*\*